রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**কোম্পানি অ্যাফেয়ার্স -১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ ভাদ্র ১৪৩৩/ ১৮ আগস্ট ২০২৬

নং **২৮.০০.০০০০.০০০.০৫৫.৩৫.০০০১.২২(অংশ-১)-৪০**।—“বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্পোরেট সামাজিক দায়িত্বপালন (Corporate Social Responsibility) নীতিমালা, ২০২৬” প্রজ্ঞাপনটি এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

## বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্পোরেট সামাজিক দায়িত্বপালন (Corporate Social Responsibility) নীতিমালা , ২০২৬

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility-CSR) আধুনিক কর্পোরেট ব্যবস্থাপনার একটি অপরিহার্য নৈতিক ও সামাজিক ধারণা। এর মাধ্যমে একটি প্রতিষ্ঠান তার প্রাতিষ্ঠানিক ও বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি সমাজ, পরিবেশ এবং রাষ্ট্রের সামগ্রিক কল্যাণে দায়িত্বশীল ভূমিকা পালন করে থাকে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ কোম্পানিসমূহ দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ, অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ এবং শিল্প, বিদ্যুৎ ও সার খাতের ক্রমবর্ধমান চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ উদ্দেশ্যে কার্যক্রম পরিচালনার মাধ্যমে পেট্রোবাংলার অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ দেশের প্রাকৃতিক সম্পদ, পরিবেশ, ভূমি ব্যবহার, অবকাঠামো এবং কার্যক্রম সংশ্লিষ্ট স্থানীয় জনগোষ্ঠীর ওপর প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব সৃষ্টি করে থাকে। ফলে রাষ্ট্র ও সমাজের প্রতি এসব প্রতিষ্ঠানের নৈতিক, সামাজিক ও পরিবেশগত দায়বদ্ধতা রয়েছে। এই

দায়বদ্ধতার অংশ হিসেবে পেট্রোবাংলা'র অধীনস্থ কোম্পানিসমূহ প্রতিবছর বিভিন্ন কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। তবে, একটি অভিন্ন, সুস্পষ্ট ও নীতিনির্ভর কাঠামোর অভাবে এসব সিএসআর কার্যক্রমের অগ্রাধিকার নির্ধারণ, আন্তঃকোম্পানি সমন্বয়, স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং কাঙ্ক্ষিত সামাজিক প্রভাব অর্জনের ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতা পরিলক্ষিত হচ্ছে। বাস্তবতা বিবেচনায় নিয়ে একটি পূর্ণাঙ্গ, সমন্বিত ও সময়োপযোগী কাঠামো প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ কোম্পানিসমূহের জন্য 'বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্পোরেট সামাজিক দায়িত্বপালন (Corporate Social Responsibility) নীতিমালা, ২০২৬' প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম, প্রযোজ্যতা ও প্রবর্তন।**—(১) এই নীতিমালা "বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্পোরেট সামাজিক দায়িত্বপালন (Corporate Social Responsibility) নীতিমালা, ২০২৬" নামে অভিহিত হবে।

(২) এই নীতিমালা পেট্রোবাংলা'র অধীনস্থ কোম্পানিসমূহের জন্য প্রযোজ্য হবে।

(৩) এই নীতিমালা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

৩। **নীতিমালার উদ্দেশ্য।**—এ নীতিমালার প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

(ক) কোম্পানিসমূহের সিএসআর কার্যক্রমকে একটি সুসংগঠিত কাঠামোর আওতায় আনয়ন;

(খ) সামাজিক উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, শিক্ষা, চিকিৎসা ও স্বাস্থ্য এবং অনগ্রসর ও দরিদ্র জনগোষ্ঠীর অর্থনৈতিক কল্যাণে প্রতিষ্ঠানের অংশগ্রহণ;

(গ) কোম্পানির কর্পোরেট ব্র্যান্ডিং ও জন-আস্থা অর্জন;

(ঘ) জ্বালানি সংশ্লিষ্ট টেকসই ও পরিবেশবান্ধব সাশ্রয়ী প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়ন গবেষণায় সহায়তা; এবং

(ঙ) সংশ্লিষ্ট কোম্পানির অধিক্ষেত্রকে প্রাধান্য দিয়ে দেশের সর্বত্র স্বচ্ছ সিএসআর কার্যক্রম পরিচালনা।

৪। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে এই নীতিমালায়—

(ক) "সরকার" বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে বুঝাবে।

(খ) "কোম্পানি" বলতে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর অধীনস্থ কোম্পানিসমূহকে বুঝাবে।

(গ) "পরিচালনা পর্ষদ" বলতে পেট্রোবাংলা'র অধীনস্থ কোম্পানিসমূহের স্ব স্ব পরিচালনা পর্ষদকে বুঝাবে।

(ঘ) "কর্পোরেট সামাজিক দায়িত্বপালন" বলতে পেট্রোবাংলা'র অধীনস্থ কোম্পানিসমূহের "Corporate Social Responsibility (CSR)"কে বুঝাবে।

(ঙ) "পরিবার" বলতে স্বামী/স্ত্রী, নিজ সন্তান,পিতা-মাতা ও নির্ভরশীল নিজ ভাই-বোন কে বুঝাবে।

(চ) আবেদনকারী বলতে ব্যক্তি ও প্রতিষ্ঠান উভয়কেই বুঝাবে।

৫। **সিএসআর এর ক্ষেত্রসমূহ।**—পেট্রোবাংলা'র অধীনস্থ কোম্পানিসমূহের কর্পোরেট সামাজিক দায়িত্ব তথা সিএসআর কার্যক্রম নিম্নবর্ণিত ৭(সাত)টি খাতে বাস্তবায়নযোগ্য হবে, যার বিস্তারিত তফসিল-১ এ বর্ণিত হয়েছে:

(ক) শিক্ষা, প্রশিক্ষণ, কর্মশালা ও অনুরূপ কার্যক্রম;

(খ) চিকিৎসা ও স্বাস্থ্য সেবা;

(গ) জলবায়ু ও পরিবেশ;

(ঘ) খেলাধুলা ও সংস্কৃতি;

(ঙ) আর্থ-সামাজিক ও অবকাঠামো উন্নয়ন;

(চ) রাষ্ট্রীয় জনকল্যাণমূলক কার্যক্রম; এবং

(ছ) গবেষণা ও উন্নয়ন।

৬। **সিএসআর এর উৎস ও হার।**—

(ক) কোম্পানির পূর্ববর্তী অর্থ বছরের নিট মুনাফার ০.৫০% হতে ১% (এক শতাংশ) সমপরিমাণ অর্থ অথবা (খ) উপ-অনুচ্ছেদে প্রদত্ত উর্ধ্বসীমা পর্যন্ত অর্থ সিএসআর কার্যক্রমে ব্যয় করা যাবে।

(খ) পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানিসমূহ নিম্নবর্ণিত উর্ধ্বসীমা প্রতিপালন সাপেক্ষে প্রতি অর্থ বছরের বাজেটে সিএসআর বাবদ অর্থের সংস্থান রাখবে:

| ক্র.ন. | কোম্পানির নাম | উর্ধ্বসীমা (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১ | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লি. (বাপেক্স) | ২০ |
| ২ | বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) | ৫০ |
| ৩ | সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) | ৭০ |
| ৪ | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) | ১৫ |
| ৫ | তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (টিজিটিডিপিএলসি) | ৪০ |
| ৬ | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল) | ২০ |

| ক্র.ন. | কোম্পানির নাম | উর্ধ্বসীমা (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ৭ | জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) | ৬০ |
| ৮ | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) | ১৫ |
| ৯ | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) | ৪০ |
| ১০ | সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) | ১০ |
| ১১ | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল) | ১৫ |
| ১২ | বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) | ৫০ |
| ১৩ | মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) | ২০ |

(গ) কোনো কোম্পানির বিশেষ প্রয়োজনে পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে উর্ধ্বসীমা হ্রাস-বৃদ্ধি করা যাবে।

**৭। ব্যয় বিভাজন।—**

(ক) সিএসআর কার্যক্রমের খাতওয়ারী বিভাজন নিম্নরূপ:

| ক্র.ন. | খাত | মোট বরাদ্দের শতাংশ (%) |
|---|---|---|
| ১. | শিক্ষা, প্রশিক্ষণ, কর্মশালা ও অনুরূপ কার্যক্রম | ২০% |
| ২. | চিকিৎসা ও স্বাস্থ্য সেবা | ২০% |
| ৩. | জলবায়ু ও পরিবেশ | ৫% |
| ৪. | খেলাধুলা ও সংস্কৃতি | ৫% |
| ৫. | আর্থ-সামাজিক ও অবকাঠামো উন্নয়ন | ১৫% |
| ৬. | রাষ্ট্রীয় জনকল্যাণমূলক কার্যক্রম | ২০% |
| ৭. | গবেষণা ও উন্নয়ন | ১৫% |

(খ) প্রয়োজনের নিরিখে কোম্পানিসমূহের স্ব স্ব পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে আন্তঃখাত সমন্বয় করা যাবে; এবং

(গ) কোনো বিশেষ সিএসআর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনে এক বা একাধিক কোম্পানি যৌথভাবে অর্থায়ন করতে পারবে।

**৮। সিএসআর ব্যবস্থাপনা।—**

(ক) কোম্পানিসমূহের প্রশাসন বিভাগ সিএসআর কার্যক্রম ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে;

(খ) প্রশাসন বিভাগ আবেদন গ্রহণ, মূল্যায়ন এবং আবেদনকারীর তালিকা প্রস্তুত করবে। প্রশাসন বিভাগ প্রাপ্ত আবেদনপত্রের তথ্য যাচাই-বাছাই করে বাতিলকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনের তালিকা প্রস্তুত করে অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের নিকট উপস্থাপন করবে;

(গ) প্রশাসন বিভাগ সিএসআর সংক্রান্ত সকল রেকর্ড ৩ (তিন) বছর সংরক্ষণ করবে; এবং

(ঘ) প্রশাসন বিভাগ সিএসআর কার্যক্রম পরিচালনার জন্য স্ব স্ব বোর্ডের নিকট দায়বদ্ধ থাকবে।

৯। **সাধারণ নিয়মাবলি।**—

(ক) নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসন বিভাগ প্রয়োজনীয় 'ফরম' ও 'রেজিস্টার' প্রস্তুত করবে যেখানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, কর্মসূচি ও আবেদনকারীর প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ থাকবে;

(খ) কোনো প্রতিষ্ঠান একবার সিএসআর অনুদান প্রাপ্ত হলে পরবর্তী ০৩(তিন) অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠান সিএসআর অনুদান প্রদানের জন্য বিবেচিত হবে না। তবে, কোম্পানি কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না;

(গ) ব্যক্তি পর্যায়ে সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে সিএসআর অনুদান এককালীন প্রদান করা হবে এবং উক্ত ব্যক্তি পরবর্তী ০৩ (তিন) অর্থ বছরে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না। তবে, শিক্ষাবৃত্তি বা বিশেষ স্বাস্থ্যসেবার ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে না;

(ঘ) প্রতিষ্ঠানের ক্ষেত্রে সিএআর কার্যক্রমের পূর্ণাঙ্গ বিবরণ এবং এর সামাজিক প্রভাব সুনির্দিষ্টভাবে পরিচালনা পর্ষদ সমীপে উপস্থাপন করতে হবে। প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করতে হবে;

(ঙ) অনুদান হিসেবে পণ্য বা উপকরণ সহায়তা প্রদান করা হলে পণ্য বা উপকরণের সঠিক মান ও গুণাগুণ এবং সঠিক প্রাপক যাচাই করে বিতরণ সম্পন্ন করতে হবে এবং প্রাপ্তি স্বীকার রেকর্ড সংরক্ষণ করতে হবে;

(চ) অনুদানের অর্থ সর্বাবস্থায় একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে;

(ছ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলা সময় সময় সিএসআর কার্যক্রম মনিটরিং করতে পারবে;

(জ) কোম্পানিসমূহের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ সিএসআর কার্যক্রম নিয়মিত (কেইস টু কেইস) যাচাই করবে;

(ঝ) সিএসআর অনুদানের অপব্যবহার কিংবা সিএসআর সংক্রান্ত কোনো অসত্য তথ্য প্রদান বা জালিয়াতির অভিযোগে অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান সিএসআর সহায়তার জন্য অযোগ্য বিবেচিত হবে। প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে; এবং

(ঞ) পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদনে সিএসআর কার্যক্রম সম্পর্কিত বিস্তারিত বিবরণ প্রদান করতে হবে।

১০। **বিশেষ নির্দেশনাসমূহ।**—

(ক) সিএসআর কার্যক্রম পরিচালনায় প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(খ) সিএসআর সম্পর্কিত সমস্ত আর্থিক লেনদেন যথাযথ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে সম্পাদন করতে হবে;

(গ) সিএসআর কার্যক্রম পরিচালনায় স্ব স্ব প্রতিষ্ঠানের অধিক্ষেত্রকে অগ্রাধিকার দিতে হবে। প্রয়োজনে দেশের সকল অঞ্চলেই সিএসআর কার্যক্রম বাস্তবায়ন করা যাবে। এক্ষেত্রে তৃণমূল পর্যায়ে পশ্চাৎপদ বা সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

(ঘ) সিএসআর কার্যক্রমে যেকোনো ধরনের দ্বৈততা বা ওভারল্যাপিং এড়াতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে; এবং

(ঙ) জাতীয় জরুরি বা যেকোনো সংকট মোকাবেলায় সরকার ঘোষিত নির্দেশনা বাস্তবায়নে সিএসআর কার্যক্রম গ্রহণ করতে হবে।

১১। **যেসব ক্ষেত্রে সিএসআর কার্যক্রম প্রযোজ্য নয়।**—

(ক) জনসাধারণের শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, সংস্কৃতি, আত্মকর্মসংস্থান, আর্থ-সামাজিক উন্নয়ন বা সার্বিক জীবনযাত্রার মানোন্নয়নে কোনো ভূমিকা রাখে না এমন কার্যক্রমসমূহ;

(খ) পেট্রোবাংলা এবং এর অধীনস্থ কোম্পানীসমূহ ব্যতিরেকে অন্য কোনো প্রতিষ্ঠানের ব্র্যান্ডিং, বিজ্ঞাপন ও ব্যবসায়িক উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম;

(গ) পরিবেশের জন্য ঝুঁকিপূর্ণ কোনো কার্যক্রম;

(ঘ) রাষ্ট্র, আইন এবং নৈতিক ও সামাজিক মূল্যবোধ বিরোধী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কোনো কার্যক্রম অথবা রাষ্ট্র, আইন এবং নৈতিক ও সামাজিক মূল্যবোধ বিরোধী কোনো কার্যক্রম; এবং

(ঙ) সিএসআর খাত ব্যতীত পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের অন্য কোনো পরিচালন বা উন্নয়ন ব্যয়।

১২। **বিবিধ।**—

এ নীতিমালার পূর্ণাঙ্গ বা আংশিক কোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন-বিয়োজন কিংবা বাতিলকরণের এখতিয়ার কেবলমাত্র জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক সংরক্ষিত থাকবে।

**তফসিল-১**

**১.০। সিএসআর ফান্ডের কার্যক্রমসমূহের বিবরণ**

**১.১। শিক্ষা, প্রশিক্ষণ, কর্মশালা ও অনুরূপ কার্যক্রম :**

(ক) দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের কল্যাণে বিনামূল্যে শিক্ষা উপকরণ বিতরণ ও শিক্ষাবৃত্তি প্রদান;

(খ) প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিশেষ সহায়ক উপকরণ প্রদান (ব্রেইল বই, হুইলচেয়ার ইত্যাদি);

(গ) শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ এবং উন্নয়ন, যেমন- ক্লাসরুম, লাইব্রেরি, সাইন্সল্যাব, কম্পিউটার কক্ষ, শৌচাগার, বিশুদ্ধ পানির সরঞ্জামাদি স্থাপন;

(ঙ) অনগ্রসর ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমে সহায়তা;

(চ) দেশ-বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে কারিগরী প্রশিক্ষণে সহায়তা প্রদান;

(ছ) জ্বালানি সংক্রান্ত প্রযুক্তির উৎকর্ষ সাধনে উদ্ভাবনী ধারণা (Innovative idea) সংকান্ত প্রতিযোগিতা আয়োজন; এবং

(জ) স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে আয়োজিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক ওয়ার্কশপ/সেমিনার/বিজ্ঞান মেলা/কনফারেন্স/বিতর্ক প্রতিযোগিতাসহ শিক্ষামূলক যে কোনো প্রতিযোগিতা।

**১.২। চিকিৎসা ও স্বাস্থ্য সেবা:**

(ক) বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ কোম্পানিসমূহের অধিভূক্ত এলাকাসহ দেশের সকল অঞ্চলে তৃণমূল পর্যায়ে ফ্রি মেডিক্যাল ক্যাম্প, চক্ষু শিবির, ঠোঁট কাটা অপারেশন, অন্যান্য চিকিৎসা ও রক্তদান কর্মসূচি পরিচালনা এবং বিনামূল্যে ওষুধ সরবরাহ;

(খ) দরিদ্র ও দুঃস্থদের জটিল, মরণব্যাধি এবং দুর্ঘটনাজনিত চিকিৎসা;

(গ) প্রতিবন্ধী এবং পক্ষাঘাতগ্রস্তদের চিকিৎসা;

(ঘ) অধিক্ষেত্রভুক্ত এতিমখানা এবং বৃদ্ধনিবাস পরিচালনা ও উপকরণ সরবরাহ; এবং

(ঙ) সরকারি অথবা ট্রাস্টি দ্বারা পরিচালিত হাসপাতালে ঔষধ ও চিকিৎসা সরঞ্জামাদি বাবদ সহায়তা।

**১.৩। পরিবেশ ও জলবায়ু:**

(ক) বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন কর্মসূচী পরিচালনা;

(খ) গ্রামীণ এলাকায় জ্বালানি সাশ্রয়ী চুলা সরবরাহ;

(গ) প্রাকৃতিক দুর্যোগকালীন আশ্রয়স্থল এবং জলবায়ু পরিবর্তন সহনশীল আবাসন ও অবকাঠামো নির্মাণ;

(ঘ) প্রাকৃতিক দুর্যোগে দুর্গতদের আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান এবং শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ;

(ঙ) দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানির সরঞ্জামাদি সরবরাহ;

(চ) বর্জ্য ব্যবস্থাপনা ও পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনা; এবং

(ছ) জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবেলায় অভিযোজন কার্যক্রম যেখানে কোম্পানিসমূহের অধিক্ষেত্র সংলগ্ন জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ এলাকা অগ্রাধিকার পাবে।

১.৪। **খেলাধুলা ও সংস্কৃতি:**

(ক) ক্রীড়া প্রতিযোগিতা (ফুটবল, ভলিবল, ক্রিকেট, হা-ডু-ডু, কাবাডি, দাবা, সাতার ইত্যাদি) আয়োজন;

(খ) জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনের বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী/সাফল্য অর্জনকারীকে সহায়তা প্রদান;

(গ) বিভিন্ন জাতীয় দিবস উদযাপন;

১.৫। **আর্থ-সামাজিক ও অবকাঠামো উন্নয়ন:**

(ক) কোম্পানির অধিক্ষেত্রাধীন এবং অনগ্রসর এলাকায় সড়ক, স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদি প্রতিষ্ঠানের উন্নয়ন; এবং

(খ) দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ইজিবাইক, সেলাই মেশিন, গবাদি পশু, টি-স্টল ইত্যাদি ব্যবসায়িক উদ্যোগে সহায়তা প্রদান।

১.৬। **রাষ্ট্রীয় জনকল্যাণমূলক কার্যক্রম:**

প্রাকৃতিক দুর্যোগ ও জরুরি পরিস্থিতি মোকাবেলাসহ সরকারের নির্দেশনা অনুযায়ী রাষ্ট্রীয়/সরকারি তহবিলে সহায়তা প্রদান।

১.৭। **গবেষণা ও উন্নয়ন:**

(ক) জ্বালানি ও খনিজ সম্পদ সংশ্লিষ্ট গবেষণায় অনুদান প্রদান। প্রযোজ্য ক্ষেত্রে পেট্রোবাংলা বা সংশ্লিষ্ট কোম্পানির রিসার্চ ও ডেভেলপমেন্ট উইং-এর সঙ্গে যৌথভাবে গবেষণা কর্মসূচি বাস্তবায়ন এবং আর্থিক সহায়তা; এবং

(খ) গবেষণা সহায়ক সভা, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউল হক**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd